



প্রবাসী কল্যাণ ব্যাংক

“দেশে ও প্রবাসে, আপনাই পাশে”

প্রধান কার্যালয়, ঢাকা

প্রবাসীকল্যাণভবন, ৭১-৭২ ইন্সটন গার্ডেন রোড, ইন্সটন, ঢাকা-

১০০০www.pkb.gov.bd

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২৫) সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ মফিজুল ইসলাম, উপমহাব্যবস্থাপক, সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও তদারকি বিষয়ক কমিটি।
সভার স্থান : প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয় (লেভেল-৩)
সভার তারিখ ও সময় : ১৭ জুন ২০২৫ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার, বিকাল ৩.০০ ঘটিকায়।

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২৫ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অত্র ব্যাংকের শাখায় কর্মরত সকল অঞ্চল প্রধানগণের সমন্বয়ে ১৭ জুন ২০২৫ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অত্র ব্যাংকের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২৫) সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ মফিজুল ইসলাম, উপমহাব্যবস্থাপক, সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও তদারকি বিষয়ক কমিটি। সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অঞ্চল প্রধানগণ ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে গিয়ে যে সব সমস্যার সম্মুখীন হন সেসব সমস্যাবলী উত্থাপন করেন। প্রবাসীদের সমৃদ্ধি তথা ডিজিটাল বাংলাদেশ গড়ার অভিপ্রায়ে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর কর্মপরিকল্পনা মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে এবং নতুন করে সেবার জন্য প্রয়োজনীয় আবেদন ফরমেট/প্রস্তাবের ফরমেট লিংকসহ সংযুক্ত করতে হবে এবং কোন সেবা প্রদানের প্রয়োজনীয়তা না থাকলে তা সিটিজেন'স চার্টার হতে বাদ দিতে হবে।
- প্রধান শাখার আওতাধীন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর (আগমনী ও বর্হিগমন) বুথে বৈদেশিক মুদ্রা বিনিময় সেবা সহজীকরণের নিমিত্ত ইন-হাউজ সফটওয়্যার চালু করা হয়েছে সে বিষয়টি প্রধান শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এ অন্তর্ভুক্ত করতে হবে।
- ত্রৈমাসিক ভিত্তিতে অত্র ব্যাংকের আওতাধীন আঞ্চলিক কার্যালয় ও সকল শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ করতে হবে।
- সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল ধরণের সেবা প্রদান নিশ্চিত করতে হবে এবং অধীনস্থ অফিসসমূহে একইভাবে সেবা প্রদান করা হচ্ছে কী না তা যথাযথভাবে মনিটরিং করতে হবে।
- সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক যথাযথভাবে নির্দিষ্ট সময়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।

২.০ পরিশেষে আর কোন বক্তব্য না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ মফিজুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান

এবং

সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও তদারকি বিষয়ক কমিটি।

শাখা ব্যবস্থাপক/অঞ্চল প্রধান (সকল)

প্রবাসী কল্যাণ ব্যাংক।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- বিভাগীয় প্রধান/প্রিন্সিপাল/সহকারী মহাব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (অত্র ব্যাংকের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে “সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২৫) সভার কার্যবিবরণী” শিরোনামে প্রকাশের অনুরোধসহ);
- ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতিরজন্য);
- উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতিরজন্য);
- মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা